পহেলা বৈশাখে ‘কৃষক কার্ড’ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী



কৃষক কার্ড’ কর্মসূচির উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

পহেলা বৈশাখ উপলক্ষে কৃষকদের সহায়তায় নতুন উদ্যোগ ‘কৃষক কার্ড’ বিতরণ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

মঙ্গলবার (১৪ এপ্রিল) দুপুর সোয়া ১২টার দিকে টাঙ্গাইলের শহীদ মারুফ স্টেডিয়ামে আয়োজিত অনুষ্ঠানে সদর উপজেলার সুরুজ এলাকার কৃষকদের হাতে প্রতীকীভাবে এই কার্ড তুলে দেন তিনি। এর আগে সকাল সাড়ে ৯টায় রাজধানীর গুলশানের বাসভবন থেকে রওনা দিয়ে বেলা ১১টার দিকে টাঙ্গাইলে পৌঁছান প্রধানমন্ত্রী।

সরকার জানিয়েছে, এই কার্ডের মাধ্যমে কৃষকদের কাছে বিভিন্ন প্রণোদনা, ভর্তুকি ও সরকারি সহায়তা সহজে পৌঁছে দেওয়া সম্ভব হবে। কৃষিমন্ত্রী আমিন উর রশিদের ভাষ্য অনুযায়ী, প্রাথমিকভাবে দেশের ১১টি কৃষি ব্লকে পরীক্ষামূলকভাবে কর্মসূচি চালু করা হচ্ছে। এ পর্যায়ে ২০ হাজার ৬৭১ জন ভূমিহীন, প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক এর আওতায় আসবেন।

এই কার্ডের মাধ্যমে উপকারভোগী কৃষকরা বছরে ২ হাজার ৫০০ টাকা করে নগদ সহায়তা পাবেন। সরকারের দাবি, ‘কৃষক কার্ড’ চালুর মাধ্যমে তাদের আরেকটি গুরুত্বপূর্ণ নির্বাচনি অঙ্গীকার বাস্তবায়নের দিকে অগ্রগতি হলো।

এর আগে সরকার ‘ফ্যামিলি কার্ড’, ‘ক্রীড়া কার্ড’ এবং খাল খননসহ বিভিন্ন কর্মসূচি চালু করেছে, যা সামাজিক ও অর্থনৈতিক খাতে ইতিবাচক প্রভাব ফেলেছে বলে সংশ্লিষ্টদের অভিমত।